দৈনিক সংবাদ

15

তারিখ ... 23 MAR 1996
পৃষ্ঠা 2 কলাম 4

# শিক্ষা খাতে বরাদ্দ বাড়লেও 'নিরক্ষরের দেশে'র পরিচয় ঘুচেনি

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ যথেষ্ট বাড়লেও শিক্ষাক্ষেত্রে বিশ্বের কাছে বাংলাদেশ এখনও একটি নিরক্ষরের দেশ হিসেবে পরিচিত।

গতকাল বুধবার গণসাক্ষরতা অভি-যানের উদ্যোগে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান আয়োজিত, এক মতবিনিময় সভায় এ তথ্য জানানো হয়।

প্রাথমিক শিক্ষা খাতে অভ্যন্তরীণ বরাদ্দ এবং সবার জন্য মানসম্মত শিক্ষা শীর্ষক মতবিনিময় সভায় বলা হয় বিগত বছরগুলোয় শিক্ষা খাতেই সর্বাধিক বাজেট বরাদ্দ করা হয়। ১৯৯৩-৯৪ সালে এই বরাদ্দ ছিল রাজস্ব ও উন্নয়ন মিলিয়ে ২ হাজার ৭শ’ ৫২ কোটি টাকা। '৯৪-৯৫ সালে তা ৩ হাজার ৪শ’ ৫৭ কোটি এবং '৯৫-৯৬ সালে ৩ হাজার ৭শ’ ৫০ কোটি টাকায় উন্নীত করা হয়। কিন্তু '৯৫ সালের তথ্যানুযায়ী দেশের ৮৫ হাজার গ্রামের জন্য রয়েছে মাত্র ৩৭ হাজার ৭শ’ ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। শিক্ষক-শিক্ষার্থী অনুপাতও মানসম্মত শিক্ষার অনুকূল নয়। প্রাথমিক বিদ্যালয়ে ৬৬ জন শিক্ষার্থীর জন্য রয়েছে মাত্র ১ জন শিক্ষক। মোট শিক্ষকের মধ্যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা আরো কম। ইউনিসেফের তথ্য অনুযায়ী প্রাথমিক শিক্ষা সমাপ্তকারী শিক্ষার্থীদের এক-তৃতীয়াংশের কিছু বেশি মাত্র ন্যূনতম দক্ষতা অর্জন করেছে।

গণসাক্ষরতা অভিযান-এর পরিচালক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীনের সভা-পতিত্বে মতবিনিময় সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবদুল আজিজ চৌধুরী, ইউনিসেফের শিক্ষা প্রতিনিধি সেলিম মোহাম্মদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক আবুল বারকাত, বিশ্বব্যাংক প্রতিনিধি মিলিয়া আলী, ডঃ ফ র মাহমুদ হাসান, ডঃ মাহমদুল আলম, ঋতা আফসার, প্রাথমিক শিক্ষক জসীম উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন।